গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
ব্যবস্থাপনা পরিকল্পনা বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা।

অফিস আদেশ নং : ১২ তারিখ: ১৪ /০৮/২০২৫খ্রি:

প্রধান বন সংরক্ষক, বাংলাদেশ, ঢাকা মহোদয়ের অফিস আদেশ নং- ৩৯৫/পি তারিখ: ১৯/০৫/২০১৬ খ্রি: অনুযায়ী নিম্নস্বাক্ষরকারীর নিজ দপ্তরের দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা এবং ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের অবসর প্রদান, পিআরএল, পেনশন/পারিবারিক পেনশন ও আনুতোষিক মঞ্জুরীর ক্ষমতা প্রদান করায় অত্র ব্যবস্থাপনা পরিকল্পনা বিভাগ, ঢাকার দপ্তরে নিয়োজিত জনাব মোঃ কামরুল ইসলাম চৌধুরী, ফরেস্টার এর জাতীয় পরিচয়পত্র নম্বর-১৯৬৬৩৮২১৩০৪৩০৪০৮৫ জন্ম তারিখ: ১৫/০৮/১৯৬৬খ্রি: হওয়ায় ১৪/০৮/২০২৫খ্রি: তারিখ ৫৯ (উনষাট) বছর পূর্ণ হওয়ায় তার চাকুরী হতে অবসর গ্রহনসহ অবসর প্রস্তুতিমূলক ছুটি (PRL) ও ১৮ মাসের মূল বেতনের সমপরিমান অর্থ এককালীন (Lumpgrant) প্রদানের মঞ্জুরীর জন্য ১৪/০৭/২০২৫খ্রি: তারিখ অত্র বিভাগে আবেদন করায় উক্ত ফরেস্টারকে ১৫/০৮/২০২৫খ্রি: তারিখে চাকুরী হতে অবসর প্রস্তুতিমূলক ছুটি গ্রহণ করার অনুমতি প্রদান করা হলো।

উক্ত ফরেস্টার ১৭/০১/১৯৯০খ্রি: তারিখ চাকুরীতে যোগদান করেন। জন্ম তারিখ ও চাকুরীতে যোগদানের তারিখ হিসাবান্তে দেখা যায় যে, জনাব মোঃ কামরুল ইসলাম চৌধুরী, ফরেস্টার ৩৫ বছর ০৬ মাস ২৮ দিন চাকুরী করেন।

জনাব মোঃ কামরুল ইসলাম চৌধুরী, ফরেস্টার এর সামগ্রিক চাকুরীকালের ছুটির হিসাব নিরীক্ষান্তে ১৯৫৯ সনের নির্ধারিত ছুটির বিধিমালা ৩(১) বিধি মোতাবেক তার পূর্ণগড় বেতনে ০২ বছর ০১ মাস ০৪ দিন এবং অর্ধগড় বেতনে ০২ বছর ০৩ মাস ২৯ দিন অর্জিত ছুটি পাওনা আছে। এমতাবস্থায়, চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫এর ১০(২)(ক)(খ) অনুচ্ছেদ অনুযায়ী তাকে ১৫/০৮/২০২৫খ্রি: তারিখ হতে ১৪/০৮/২০২৬খ্রি: তারিখ পর্যন্ত পূর্ণ গড় বেতনের ১২ (বার) মাস অবসর প্রস্তুতিমূলক ছুটি মঞ্জুর করা হলো।

জনাব মোঃ কামরুল ইসলাম চৌধুরী, ফরেস্টার এর পাওনা ছুটি হতে ১ (এক) বৎসর অবসর প্রস্তুতিমূলক ছুটি ভোগ করার পরেও তার পূর্ণ গড় বেতনে ০১ বছর ০১ মাস ০৪ দিন এবং অর্ধ গড় বেতনে ০২ বছর ০৩ মাস ২৯ দিন অর্জিত ছুটি জমা আছে। অর্থাৎ অবসর প্রস্তুতিমূলক ছুটি ভোগ করার পরেও তার পূর্ণগড় বেতনে (অর্ধ গড় বেতনকে পূর্ণগড় বেতনে ২(দুই) দিনে ১(এক) দিন রুপান্তর) ০১ বছর ০১ মাস ২৯ দিন অর্জিত ছুটি অর্থাৎ সর্বমোট=০২ বছর ০৩ মাস ০৩ দিন অবশিষ্ট অর্জিত ছুটি আছে। এমতাবস্থায়, চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫ এর ১০(২)(ক)(খ) অনুচ্ছেদ অনুযায়ী ও অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের স্মারক নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫.৮১ তারিখ ১৪/১০/২০১৫খ্রি: মূলে উক্ত ফরেস্টার এর অনুকূলে তার অতিরিক্ত পাওনা ছুটির বিনিময়ে ১৮(আঠারো) মাসের মূল বেতনের সমপরিমান অর্থ মূল বেতন ২৭,৩০০/- টাকা হারে (২৭,৩০০X১৮)=৪,৯১,৪০০/- (চার লক্ষ একানব্বই হাজার চারশত) টাকা মাত্র বেতনের বিল চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা এর কার্যালয় কর্তৃক যাচাই সাপেক্ষে এককালীন মঞ্জুরী প্রদান করা হলো।

স্বাঃ
(আহম্মদ নিয়ামুর রহমান)
পরিচিতি নম্বর-১৩২৩৮
বিভাগীয় বন কর্মকর্তা
ব্যবস্থাপনা পরিকল্পনা বিভাগ, ঢাকা
ফোন নম্বর- ০২-২২২২৮৯৮১৫

স্মারক নং-২২.০১.০০০০.১৭৬.০৫.০০৮.২৫. ৫৪৬ তারিখ: ১৪ /০৮/২০২৫খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :-

১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।

২। উপ প্রধান বন সংরক্ষক, পরিকল্পনা উইং, বন ভবন, আগারগাঁও, ঢাকা।

৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা। এতদসঙ্গে জনাব মোঃ কামরুল ইসলাম চৌধুরী, ফরেস্টার এর ১৮ (আঠারো) মাসের ল্যাম্প গ্রান্টের বিল ২ (দুই) প্রস্থ এবং চাকুরী বহি যাচাই পূর্বক অত্র কার্যালয়ে ফেরৎ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৪। জনাব মোঃ কামরুল ইসলাম চৌধুরী, ফরেস্টার, ব্যবস্থাপনা পরিকল্পনা বিভাগ, বন ভবন, মহাখালী, ঢাকা।

৫। অফিস কপি।

৬। গার্ড ফাইল।

১৪/০৮/২০২৫

(আহম্মদ নিয়ামুর রহমান)
পরিচিতি নম্বর-১৩২৩৮
বিভাগীয় বন কর্মকর্তা
ব্যবস্থাপনা পরিকল্পনা বিভাগ, ঢাকা
ফোন নম্বর- ০২-২২২২৮৯৮১৫